

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ৯৫০ তম কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৫০ তম কমিশন সভা গত ০৮/০৪/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। কমিশন বে-মেয়াদি মিউচুয়াল ফান্ড 'LankaBangla Fixed Income Fund' -এর খসড়া ট্রাস্ট ডিড এবং খসড়া ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট এগ্রিমেন্ট অনুমোদন প্রদান করে। উক্ত ট্রাস্ট ডিডটি Registration Act, 1908-এর অধীনে নিবন্ধন হওয়া সাপেক্ষে আলোচ্য মিউচুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করা হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা এবং ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক 'লংকাবাংলা অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সদ্বানী লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি'।


২। Kattali Textile Limited কর্তৃক কমপক্ষে ২৫.০৪ কোটি টাকার আইপিও তহবিল তছরুপের বিষয়টি দুদকে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। Kattali Textile Limited কে ১ মাসের মধ্যে লিস্টিং ফি টাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি-কে পরিশোধের নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উক্ত সময়ের মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে কোম্পানির প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতীত) -কে ২.০০ (দুই) লক্ষ টাকার অর্থ দণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। Shahjahan Securities Limited কে সিকিউরিটিজ আইন লঙ্ঘনের দায়ে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার অর্থ দণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। বর্তমানে সিসিএ (CCA) -তে কোন ঘাটতি না থাকলেও পূর্বে ঘাটতি থাকায় Dynasty Securities Limited কে সিকিউরিটিজ আইন লঙ্ঘনের দায়ে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার অর্থ দণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


০৯/০৪/২০২৫
মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র